# _AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

# Bengali Text Bulletin

**Date 02-06-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) নদীয়ার কালীগঞ্জ বিধানসভা উপনির্বাচনের জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার সময়সীমা আজ শেষ হয়েছে। আগামীকাল জমাপড়া মনোনয়নপত্র পরীক্ষা করে দেখা হবে।

২) মুর্শিদাবাদ জেলায় ফারাক্কা নতুন মহকুমা হিসাবে আত্মপ্রকাশ করতে চলেছে।

সরকারের বিভিন্ন দফতরের ৩৩৬-টি নতুন পদ তৈরির ও শূন্য পদ পুরনে মন্ত্রিসভার অনুমোদন।

৩) এবছরের জয়েন্ট এন্ট্রান্স অ্যাডভান্স পরীক্ষায় মেয়েদের মধ্যে প্রথমস্থান অধিকার করেছে কাটোয়ার বাসিন্দা দেবদত্তা মাঝি। তিনি মাধ্যমিকে প্রথম এবং উচ্চ-মাধ্যমিকে ষষ্ঠস্থান অধিকার করেছিলেন।

৪) ভারত সরকারের কৃষি মন্ত্রণালয়ের অধীন আই সি এ আর এবং সারগাছি কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে মূর্শিদাবাদ জেলার ৮০-টি গ্রামজুড়ে শুরু হয়েছে বিকশিত কৃষি সংকল্প অভিযান।

৫) প্রথা মেনেই কলকাতার রেডরোডে ঈদের নামাজ অনুষ্ঠিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালীগঞ্জ বিধানসভা উপনির্বাচনের জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার সময়সীমা আজ শেষ হয়েছে। আগামীকাল জমা পড়া মনোনয়নগুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষদিন বৃহস্পতিবার ৫-ই জুন। ভোট নেওয়া হবে ১৯-শে জুন। গণনা ২৩-শে জুন।

এদিকে, ভোটগ্রহণের জন্য ২০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে । এই সপ্তাহের মধ্যে বাহিনী রাজ্যে এসে পৌঁছবে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে।

কমিশন সূত্রে আরো জানা গেছে, এবার প্রতিটি কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে ভোটারদের সাহায্য করতে সরকারি কাউন্টার চালু করা হবে। এর দায়িত্বে থাকবেন বুথ লেবেল অফিসাররা। কোনো ভোটারই মোবাইল নিয়ে বুথে ঢুকতে পারবেন না। ফোনটি ওই কাউন্টারে রেখে তাঁদের বুথে ঢুকতে হবে।

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেস, এই বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য প্রয়াত বিধায়ক নাসিরউদ্দিন আহমেদের মেয়ে আলিফা আহমেদকে প্রার্থী করেছে।

বিজেপি-র প্রার্থী হয়েছেন আশিষ ঘোষ। এছাড়াও কংগ্রেস প্রার্থী করেছে কাবিলউদ্দিন শেখ-কে। বামফ্রন্ট এই কংগ্রেস প্রার্থীকে সমর্থন করবে বলে জানিয়েছে।

রাজ্য সরকার এই উপ-নির্বাচনের জন্য সেখানকার সব সরকারি, আধা সরকারি ও বেসরকারী সংস্থা এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে সবেতন ছুটি ঘোষনা করেছে। অর্থ দপ্তর থেকে আজ এই মর্মে এক নির্দেশিকা জারি করা হয়।

কোন ভোট গ্রহণ কেন্দ্রে পুনর্নির্বাচন হলেও সেখানেও সংশ্লিষ্ট দিনে ছুটি দেওয়ার কথা বলা হয়েছে ওই নির্দেশিকায়।

এছাড়া যেসব শিক্ষা প্রতিষ্ঠান বা সরকারি কার্যালয়ে সেক্টর অফিস, ভোট গ্রহন কেন্দ্র বা ডিসি আরসি করা হবে সেখানে ভোটের আগের দিন, অর্থাৎ ১৮-ই জুনেও ছুটি ঘোষণা করা হয়েছে ওই নির্দেশিকায়।

উল্লেখ্য, আগামী ১৯-শে জুন নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে ভোট নেওয়া হবে।

oooooooooooooooooooo

রাজ্যের কালীগঞ্জ বিধানসভা উপনির্বাচনে ভোট কর্মীদের জন্য দুদিনের প্রশিক্ষণ কর্মসূচি গতকাল শেষ হয়েছে। নদীয়ার কৃষ্ণনগরে আয়োজিত ওই প্রশিক্ষণ কর্মসুচিতে উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনের দুই আধিকারিক B C পাত্র ও রাহুল ফুকন। ছিলেন রাজ্যের উপ মুখ্য নির্বাচনী আধিকারিক সুমন্ত রায়ও। এই প্রথম দিল্লির নির্বাচন কমিশন এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সিনিয়র আধিকারিকরা যৌথ ভাবে ভোট গ্রহণ কর্মীদের ব্যবহারিক প্রশিক্ষণ কর্মসুচিতে উপস্থিত ছিলেন। দুদিনের এই প্রশিক্ষণ কর্মসূচির প্রথম দিনে ৯০৯ জন এবং দ্বিতীয় দিনে ৯২০ জন ভোটকর্মী উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য আগামী ১৯ জুন ভোট গ্রহণ করা হবে। এরজন্য ৩০৯ টি ভোট গ্রহণ কেন্দ্র খোলা হচ্ছে।

এদিকে কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের আসন্ন উপনির্বাচনে বামফ্রন্ট কংগ্রেস প্রার্থী কাবিলউদ্দিন শেখ কে সমর্থন করার সিদ্ধান্ত নিয়েছে। ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু গতকাল এক বিবৃতিতে একথা জানিয়েছেন।

oooooooooooooooooooo

মুর্শিদাবাদ জেলায় ফারাক্কা নতুন মহকুমা হিসাবে আত্মপ্রকাশ করতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে নবান্নে, আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই

সিদ্ধান্ত গৃহীত হয়। ফারাক্কা , সামসেরগঞ্জ, সূতি ১ ও ২ নম্বর ব্লক নিয়ে গঠিত হচ্ছে এই নতুন মহকুমা।

উল্লেখ্য, আগে এই চারটি ব্লক জঙ্গীপুর মহকুমার অন্তর্ভুক্ত ছিল। সম্প্রতি মুখ্যমন্ত্রীর সফরকালে এবিষয়ে ঘোষণার পর এব্যাপারে প্রশাসনিক তৎপরতা শুরু হয়।

নতুন মহকুমায় বিভিন্ন প্রশাসনিক স্তরে ১০৯-টি চুক্তি ভিত্তিক পদ তৈরির সিদ্ধান্তেও ছাড়পত্র দিয়েছে মন্ত্রিসভা।

এছাড়াও স্বারাষ্ট্র, স্বাস্থ্য, অর্থ, আইন ও পুর দফতরে ৩৩৬-টি পদ তৈরি ও শূন্য পদ পুরনেও মন্ত্রিসভার অনুমোদন পাওয়া গেছে। পাশাপাশি এসএসসি-র মাধ্যমে ৪৪ হাজারের বেশি শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগের বিধিও মন্ত্রিসভার অনুমোদন পেয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

2022 সালের টেট উত্তীর্ণ চাকরীপ্রার্থী রা তাদের অবিলম্বে চাকরীতে নিয়োগ করার দাবীতে আজ উত্তর চব্বিশ পরগনার ডিপি এস সি দপ্তর ঘেরাও করে রাখে। বারাসত ষ্টেশন সংলগ্ন অঞ্চল থেকে মিছিল করে তারা ডি পি এস সি অফিসের সামনে বিক্ষোভ দেখান।

তাঁদের অভিযোগ, পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরও তিন বছর ধরে এখনো পর্যন্ত ইন্টারভিউ এর কোন বিজ্ঞপ্তি দেওয়া হয়নি চাকরিপ্রার্থীদের। মুখ্যমন্ত্রী বারংবার বিভিন্ন সভায় বলেছেন তাদের হাতে ৫০ হাজার শূন্য পদ রয়েছে । তারপরেও কেন নিয়োগ হচ্ছে না সেই প্রশ্ন ও তোলেন তারা ।

ঘন্টা খানেক পর চেয়ারম্যান এলে অবরোধ তুলে নেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

এবছরের জয়েন্ট এন্ট্রান্স অ্যাডভান্স পরীক্ষার ফল ঘোষণা করা হয়েছে। মোট ৫৪ হাজার ৩৭৮ জন পরীক্ষার্থী এতে সফল হয়েছেন। এর মধ্যে ৯'হাজার ৪০৪ জন ছাত্রী। শীর্ষ স্থান দখল করেছেন, আই আই টি দিল্লি অঞ্চলের রাজিত গুপ্তা। ৩৬০ নম্বরের মধ্যে তিনি পেয়েছেন ৩৩২ । দ্বিতীয় স্থানে রয়েছেন সক্ষম জিন্দাল।

মেয়েদের মধ্যে প্রথম স্থান অধিকার করেছেন পশ্চিমবঙ্গের দেবদত্তা মাঝি। ৩৬০-এর মধ্যে তিনি পেয়েছেন ৩১২ নম্বর। পূর্ব বর্ধমানের কাটোয়ার বাসিন্দা দেবদত্তা ২০২৩ সালে মাধ্যমিকে প্রথম হয়েছিলেন। এবছরের উচ্চমাধ্যমিকে তিনি ষষ্ঠ স্থান অধিকার করেন।

দেবদত্তা জানান, এই ফলাফলে তিনি অত্যন্ত খুশী। আগামী দিনে তিনি গবেষণার কাজ করতে চান।

(বাইট – দেবদত্তা)

শীর্ষস্থানাধিকারি রাজিত তাঁর সাফল্যের জন্য পরিবারের অবদানের কথা তিনি উল্লেখ করেছেন। জয়েন্ট এন্ট্রান্স অ্যাডভান্স-এর পরীক্ষার্থীদের তিনি, যখনই প্রয়োজন তখনই শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে আলোচনা করার পরামর্শ দেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, দেবদত্তা মাঝিকে শুভেচ্ছা জানিয়েছেন। মেয়েদের মধ্যে ও IIT খড়গপুর অঞ্চলে প্রথম হওয়ার জন্য দেবদত্তাকে অভিনন্দন জানিয়ে মুখ্যমন্ত্রী তার সাফল্য কামনা করেন। এর আগে দেবদত্তার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতিত্বের কথাও এক্স হ্যান্ডেলে তাঁর বার্তায় উল্লেখ করেন মুখ্যমন্ত্রী ।

আগেই জানানো হয়েছে, গত ১৮ই মে ২৩০-টি শহরের ৭১২-টি কেন্দ্রে জয়েন্ট এন্ট্রান্স অ্যাডভান্স পরীক্ষা নেওয়া হয়। এক লক্ষ ৮০ হাজারের মতো ছাত্র-ছাত্রী এবার পরীক্ষায় বসেন। এবছরের পরীক্ষা পরিচালনার দায়িত্বে ছিল IIT কানপুর।

( পরীক্ষার ফল দেখা যাবে- result.jeeadv.ac.in - এ। )

oooooooooooooooooooo

ডিজিটাল অ্যারেস্ট মামলায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি আজ কলকাতার ব্যাঙ্কশাল কোর্টে বিশেষ আদালতে চার্জশিট জমা দিয়েছে। ৬০ পৃষ্ঠার ওই চার্জশিটে মোট ১৩ জনের নাম রয়েছে। তবে এদের মধ্যে চিরাগ কাপুর ও যোগেশ দুয়ার নামে দুই ব্যক্তি, এই চক্রের মাথা। দুবাই থেকে তারা প্রতারণা চক্র চালাতো। তাদের ৩-শোটি ব্যাঙ্ক অ্যাকাউন্টের হদিশ মিলেছে। ডিজিটাল অ্যারেস্টের ভয় দেখিয়ে এরা দেড় হাজার কোটি টাকা আত্মসাৎ করে বলেও জানা গেছে। ইডি আরও জানিয়েছে, এখনও পর্যন্ত ১০ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

ভারত সরকারের কৃষি মন্ত্রণালয়ের অধীন আই সি এ আর এবং কৃষি বিজ্ঞান কেন্দ্র সারগাছির উদ্যোগে মুর্শিদাবাদ জেলার ৮০ টি গ্রাম জুড়ে শুরু হয়েছে বিকশিত কৃষি সংকল্প অভিযান। প্রথাগত ধান, গম ও পাট চাষের পাশাপাশি প্রাণীসম্পদ ও মৎসচাষ নিয়ে আজ এক নিবিড় কর্মশালার আয়োজন করা হয়। বহরমপুর শহরের প্রাচীণ বিষ্ণুপুর বিলে মৎস চাষীদের হাতে কলমে উন্নত প্রযুক্তিতে মাছ চাষের প্রশিক্ষণ, বৈজ্ঞানিক সরঞ্জাম ব্যাবহারের মত ব্যাবহারিক জ্ঞানের দেবার পাশাপাশি মৎস্য সংরক্ষণ ও জলজ বাস্তুতন্ত্র বজায় রাখার বিজ্ঞানসম্মত পদ্ধতিও শেখানো হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন ভারতীয় কৃষি অনুসন্ধান পর্ষদের সামুদ্রিক মৎস বিজ্ঞান বিভাগের সহ মহা নির্দেশক ড: শুভদীপ ঘোষ, ও কেন্দ্রীয় অন্তর্দেশীয় মৎস্য গবেষণা কেন্দ্র ব্যারাকপুরের নির্দেশক ড: বি কে দাস।

০০০০০০০০০০০০০০০০০০০

নদিয়ার বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের Crop Research Unit বা ফসল গবেষণা বিভাগ, গত চার বছর ধরে স্টিভিয়া নিয়ে গবেষণা করে একটি নতুন ও উন্নতমানের উদ্ভাবনের দিকে এগিয়ে চলেছে। সেটি এখন জাতীয়স্তরে পরীক্ষার অপেক্ষায় বলে

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ অশোক কুমার পাত্র জানিয়েছেন। নতুন এই জাতের মিষ্টত্ব অনেকটাই বেশি কিন্তু কোনও পার্শ্বপ্রতিক্রিয়া নেই বলে তিনি জানান।

(বাইট – উপাচার্য)

উল্লেখ্য, স্টিভিয়া একটি প্রাকৃতিক ক্যালোরি-মুক্ত মিষ্টি যা ডায়াবেটিস রোগীদের জন্য ভালো বিকল্প হতে পারে । এটি রক্তে শর্করার মাত্রাকে দ্রুত বাড়ায় না, ইনসুলিনের উৎপাদন বাড়াতেও সাহায্য করে, যা রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে সাহায্য করে।

oooooooooooooooooo

প্রথা মেনেই কলকাতার রেড রোডেই পূর্ব নির্ধারিত ইদের নামাজ অনুষ্ঠিত হবে। প্রাথমিকভাবে সেনাবাহিনীর তরফে, ওই রাস্তায় ইদের জমায়েতের অনুমতি না দেওয়ায় সংশয় তৈরি হয়েছিল। পরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির হস্তক্ষেপে জট কেটে গিয়েছে বলে ওই জমায়েতের আয়োজক 'খিলাফত কমিটি'র সভাপতি, রাজ্য মন্ত্রিসভার সদস্য জাভেদ আহমেদ খান জানিয়েছেন। পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী নির্দিষ্ট দিনে সকাল সাড়ে আটটায় রেড রোডে নামাজ পড়া হবে বলে তিনি জানান।

উল্লেখ্য, সেনার তরফে অনুমতি খারিজের চিঠি হাতে আসার পরেই জাকারিয়া স্ট্রিটে খিলাফত কমিটির অফিসে জরুরী বৈঠক ডাকা হয়। ওই বৈঠক থেকেই মুখ্যমন্ত্রী ও সেনাবাহিনীর কর্তাদের সঙ্গে কথা বলার পরে সমস্যা মিটে গিয়েছে বলে জাভেদ খান জানিয়েছেন।

ooooooooooooooooooo

সিকিমের লাচেন জেলার চাতেনে গত সন্ধ্যায় ভারতীয় সেনার একটি সামরিক ক্যাম্পে প্রবল বৃষ্টির জেরে ভয়াবহ ভূমিধসে তিন সেনা জওয়ানের মৃত্যু হয়েছে। পাশাপাশি ছ'জন নিখোঁজ বলে সেনার তরফে জানানো হয়েছে। মৃত্যু হয়েছে

হাবিলদার লখবিন্দর সিং, ল্যান্সনায়েক মুনীশ ঠাকুর এবং পোর্টার অভিষেক লাখাড়া। ঘটনার পরই উদ্ধার অভিযানে নামে ভারতীয় সেনা। নিহত সেনানীদের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। প্রতিকূল পরিস্থিতির মধ্যেও সেনার তৎপরতা এবং দায়িত্ববোধ প্রশংসনীয় বলে জানানো হয়েছে প্রতিরক্ষা দপ্তরের তরফে।

oooooooooooooooooo

কলকাতা ফুটবল প্রিমিয়ার লিগে ইউনাইটেড কলকাতা স্পোর্টস ক্লাবের প্রধান কোচ নিযুক্ত হয়েছেন ইয়ান চেং ল। এইবার প্রথম কলকাতা প্রিমিয়ার লীগে খেলতে নামছে এই দল। কলকাতার বাসিন্দা ৩২ বছর বয়সী চীনা-বংশোদ্ভূত এই ভারতীয় কোচ ২০১২ সালে ক্যালকাটা ইউনাইটেড ক্লাবে কোচিং শুরু করেন। এরপর পাঞ্জাব এফসি, মহামেডান, টেকট্রো স্বদেশ ইউনাইটেড, আইজল এফসি, বিরাটনগর সিটি এফসি (নেপাল), ড্রুক লায়ুল (ভুটান) ও দিল্লী এফসিতে কোচিং করিয়েছেন তিনি।

oooooooooooooooooo